

১৮ ই জুলাই, ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

নড়াইলে হিন্দু সম্প্রদায়ের মন্দির ও বাড়ীঘরের উপর হামলার ঘটনায় তীব্র নিন্দা ও
জড়িতদের যথাযথ বিচারের দাবী জানাচ্ছে ব্লাস্ট

গত শুক্রবার রাতে নড়াইলের লোহাগড়া উপজেলার দিঘলিয়া গ্রামের সাহাপাড়ায় হিন্দু সম্প্রদায়ের মন্দির, বাড়ীঘরের উপর হামলা ও অগ্নিসংযোগের ঘটনায় ব্লাস্ট তীব্র নিন্দা, প্রতিবাদ ও ক্ষোভ জানাচ্ছে। ফেসবুকের একটি পোস্টকে কেন্দ্র করে এ ধরনের হামলার ঘটনা ঘটেছে বলে দেশের বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সামনেই এ ধরনের নৃশংস ঘটনা ঘটেছে বলে সংবাদপত্রে প্রকাশিত হয়েছে।

এ ঘটনার সৃষ্ট তদন্তসহ দায়ী ব্যক্তিদের বিচারের আওতায় এনে যথাযথ শাস্তি ও ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণ নিশ্চিত করার দাবী জানাচ্ছে ব্লাস্ট।

প্রত্যেক নাগরিকের জান-মালের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। কিন্তু বিভিন্ন স্থানে ধর্মীয় সংখ্যালঘুদের উপর একই ধরনের নির্যাতন নিপীড়নের পুনরাবৃত্তি হচ্ছে যা অনভিপ্রেত ও অনাকাঙ্খিত। এ বিষয়ে রাষ্ট্রের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আরো বেশী সচেতন থাকবে এবং ভবিষ্যতে এধরনের ঘটনার যেন আর পুনরাবৃত্তি না ঘটে সেজন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছে ব্লাস্ট।

বার্তা প্রেরক:

কমিউনিকেশন বিভাগ

ই-মেইল: communication@blast.org.bd